*tiers of courts to accept the decision of the higher tiers as a binding precedent. This view was poignantly highlighted in *Cassell & Co. Ltd. Vs. Broome and another*, (1972) AC 1027 where Lord Hailsham of St. Marylebone, the Lord Chancellor in his judgment said:*

*'The fact is , and I hope it will never be necessary to say so again, that, in the hierarchical system of courts which exists in this country, it is necessary for each lower tier, including the Court of Appeal, to accept loyally the decisions of the higher tiers.'*

(Underlines supplied)

4.28. The observations of the Appellate Division regarding the power of the single bench and division bench of the High Court Division, as given in **Taehung Packaging (BD) Ltd. & others. vs. Bangladesh and others. 33 BLD (AD) 2013-359**, may also be looked into (see paragraphs 12 and 13 of the reported case).

4.29. In view of above, we have no option but to hold that the provisions of the Arbitration Act 2001, except the provisions under Sections 45, 46 and 47, are not applicable in respect of an arbitration where the seat of arbitration is in a foreign country. However, the provisions under Section 7A, for taking ad-interim measures, may be invoked in respect of foreign arbitral award only when application for enforcement

of such award is filed before the Court of District Judge, Dhaka in view of the provisions under Section 45 of the said Act and such ad-interim measures may be taken till such award is enforced.

### Inherent Power of the Court:

4.30 Now the question is, in the absence of such provision to stay proceedings under Section 10 of the said Act, whether the Court may exercise its inherent power to stay such proceedings. Section 151 of the Code of Civil Procedure provides that nothing in the Code shall be deemed to limit or otherwise affect the inherent power of the Court to make such orders as may be necessary for the ends of justice or to prevent abuse of the process of the Court. Therefore, it is apparent from this provision that this provision is not affected by any other provisions of the Code and that any other provision of the Code shall not be deemed to limit or affect the inherent power of the Court when the occasion arises to pass such necessary order for ends of justice or to prevent the abuse of the process of the Court.

4.31 On this point, we have examined the decisions referred to by the learned advocates, namely the decisions in **Md. Hazrat Ali's Case, 1986 BLD (AD)-45** and **Abdul Mohit's**

**Case, 61 DLR (AD)-82**, as cited by the learned advocate Mr. Azim, along with the decisions cited by Mr. Probir Neogi, learned senior counsel (as Amicus Curiae), namely the decisions in **Ayat Ali's Case, 40 DLR(1988)-56** and in **Annamalay Case, AIR 1931, Privy Council-263**. It appears from the above referred **Hazrat Ali's case** that in the said case the subordinate judge concerned convicted and sentenced the appellant therein to suffer two months simple imprisonment in civil prison in a proceeding filed by respondent No.1 under Section 151 of the Code of Civil Procedure alleging defiance of the Court order to deposit the attached money. In the said case, our Appellate Division held that such conviction and sentence could not be imposed under Section 151 of the Code of Civil Procedure when there were specific provisions in the Code, namely Order 39, rule 2(3), and Contempt of Court Act. Therefore, it appears that in the said case, exercise of inherent power of the Court was not approved by the Appellate Division when specific enactment like Contempt of Court Act or provisions like Order 39, rule 2(3) of the Code for imposing such punishments were available.

4.32 Again, in **Abdul Mohit's case**, the company bench of the High Court Division dismissed the company matter holding the same to be not maintainable in the company Court thereby rejecting an application filed by the appellant seeking direction upon the respondents to serve notice of board meeting to the appellant-directors in compliance with Section 95 of the Companies Act, 1994 to enable the appellants to attend the meeting of the board of directors of the respondent No.1-bank. As against this scenario, leave was granted to consider whether the company Court was entitled to exercise its inherent jurisdiction, where there were manifest breach of law and articles, to prevent injustice. The Appellate Division therein dismissed the appeal by referring to Section 9 of the Code of Civil Procedure holding thereby that Section 95 of the Companies Act does not provide any forum. Therefore, any dispute arising there-from has to be resolved by the Civil Court and as such the inherent jurisdiction under the Companies Act, in the absence of any specific provision therein, could not be invoked to enforce the provision of Section 95 of the Companies Act as the said provision was providing procedural matters only and was not a substantive provision.

4.33 Therefore, it appears that in the first case, namely in **Hazrat Ali's case**, there were specific provisions under the Code of Civil Procedure and Contempt of Court Act to impose punishment on the appellant. Therefore, it was held by the Appellate Division that in presence of such specific provisions for punishing a delinquent party in a suit, such delinquent party could not be punished in exercise of inherent power of the Court under Section 151 of the Code of Civil Procedure. On the other hand, in **Abdul Mohit's case**, Section 95 of the Companies Act did not provide any specific forum for the company bench. Rather, it was a procedural matter as regards issuance of notice on the directors. Therefore, when the specific forum was absent under Section 95, it was held that the company bench was not entitled to enforce the said provision under Section 95 in the garb of exercising inherent power under Section 151 of the Code. Thus, it was held therein that the remedy lied with the Civil Court under Section 9 of the Code of Civil Procedure.

4.34 As against above decisions of our Appellate Division, if we examine the case in hand along with the view already taken by us to the effect that the provision under Section 10 will

not apply in respect of an arbitration where the seat of arbitration is in a foreign country, the question of existence of Section 10, or the Courts power to invoke Section 10 of the Arbitration Act, does not arise at all. Therefore, the ratio decided in those cases do not have any manner of application in the facts and circumstances of the present case. However, the ratio in the above referred **Ayat Ali's case**, where instead of staying proceeding of subsequent suit under Section 10 of the Code of Civil Procedure, the Court was allowed to dispose of both the suits simultaneously in exercise of its power under Section 151 of the Code, seems to be more relevant in the facts and circumstance of the present case. In the said **Ayat Ali's case**, in spite of the presence of the mandatory provisions of Section 10 of the Code to stay subsequent suit between the same parties, the High Court Division allowed simultaneous hearing of both the suits in exercise of inherent power of the Civil Courts under Section 151 of the Code to secure ends of justice.

4.35 Now, the question is whether the Court in our case should have stayed the proceedings pending before it in exercise of such inherent power of the Court for sending the matter

in dispute to resolve through arbitration. As stated above, admittedly, the parties have agreed through the said two agreements, namely the GSA and GSSA agreements, to settle their dispute through arbitration. Not only that, Clause 30 of the said agreements stipulates that such disputes shall be referred and settled by arbitration under the Rules of Conciliation and Arbitration of the International Chamber of Commerce. Clause 30.4 further stipulates that the decision of the arbitration panel shall be enforceable by the Courts of Sultanate of Oman. Not only that, according to Clause 40.2 of the said Agreements, the parties have agreed that their agreements would be governed by and construed in accordance with the laws of the Sultanate of Oman and that Courts in Oman shall have the exclusive jurisdiction. Therefore, it appears that, by these agreements, the parties have not only agreed to resolve their disputes through arbitration in Oman, they have also agreed that their agreements shall be governed and construed in accordance with the law of Oman and that the Court in Oman shall have exclusive jurisdiction. Thus, the parties agreed to oust the jurisdiction of the Courts in Bangladesh.



4.36 Admittedly, one of the parties to the agreements is domiciled in Bangladesh and another party in Oman. Therefore, both the Courts in Bangladesh and the Courts in Oman have jurisdiction over the matter. But the parties have agreed to choose one of the jurisdictions by ousting the other, namely they have agreed to oust the jurisdiction of Bangladesh Courts in favour of the jurisdiction of Oman Courts. This type of agreement ousting the jurisdiction of the Courts of one place in favour of the jurisdiction of the Courts in another place by way of arbitration agreement fall under the Exception 1 to Section 28 of the Contract Act, 1872 and, accordingly, such contracts are valid contracts. This position has been settled by our Courts and the Courts in India in more than one cases. See for example, the above referred **M.A. Chowdhury vs. M/s Mitsui, 22 DLR (SC) (1970)-334, Bangladesh Air Service (Pvt.) Ltd. vs. British Airways PLC, 17 BLD (AD)(1997)-249, A.B.C Laminart Pvt. Ltd. vs. A.P. Agencies, AIR 1989 (SC)-1239 and M/s. L.T. Societa vs. M/s. Lakshminarayan, AIR 1959 Calcutta-669**). Relevant observation of the then Supreme Court of Pakistan in the said **M.A. Chowdhury's case** may be quoted below:

57. *Having said this, however, I am of the opinion that in order to preserve the sanctity of contracts I ought also to hold, as was done in the earlier cases in Great Britain that such foreign jurisdiction clauses, even when they purport to give jurisdiction to a Court in a foreign country, are really in the nature of arbitration clauses which come within the exceptions to section 28 of the Contract act and, therefore, should be dealt with in the same manner as other arbitration clauses. In the case of an arbitration it has to be remembered that the jurisdiction of the Courts is not altogether ousted, for, the Courts merely stay their hands to allow the parties to resort to the form of adjudication to which they have previously agreed. By only staying the actions before them the Courts still retain to themselves the jurisdiction to resume the case if the arbitration, for any reason, fails or the parties find it impossible to comply with the form of adjudication to which they had agreed. This was also the view taken in the case of Malik Ali Akbar (33), which I approve.*

4.37 The view taken in M.A. Chowdhury case was referred with approval in the above cited **British Airways case**, wherein the author judge, Mr. Justice Mustafa Kamal, observed as follows:

23. *Having regard to the meanings assigned to the words ‘in accordance with’ and ‘subject to’, we have no manner of doubt whatsoever that in so far as arbitral procedure is concerned the parties have consciously made the arbitration*

*to be in consonance with and conditional upon the observance of the provisions of the (English) Arbitration Act, 1950, which is a “law of procedure” (as held in James Millar Vs. Whitworth, (1970) 1A11ER796(HL), and as correctly submitted by Ms. Sigma Huda. There is nothing in Exception 1 to section 28 of the Contract Act prohibiting the parties to a contract from choosing a foreign forum under the supervision of a foreign court for arbitrating its disputes. Such contract does not offend the main provision of section 28, because the local Courts still retain the jurisdiction to decide the lis between the parties. The appellant is free to file a suit for damages against the respondent in the local court. The respondent is also free to ask for a stay of the suit, pending arbitration, and it is for the local court having regard to all circumstances, to arrive at a conclusion whether sufficient reasons are made out (by the plaintiff) for refusing to grant a stay. (Michael v. Serajuddin, AIR1963 (SC) 1044 and also M.A. Chowdhury vs. Messrs. Mitsui O.S.K. Lines, Ltd., 22 DLR(SC)334). The High Court Division has discussed a number of cases on stay of suit under section 34 of the Arbitration Act, 1940 and we need not dwell further on that, the issue in this appeal not being whether or not to grant an order of stay.*

4.38 It may be noted that when the **British Airways case** was decided, there was similar provision like Section 10 of the present Act in the Arbitration Act, 1940 (under Section 34). However, there was no such provision like Section 3 of the

present Act thereby limiting the applicability of the provisions in respect of arbitration where the seat of such arbitration is in a foreign country.

4.39 In view of the above decisions of the then Pakistan Supreme Court and our Appellate Division as well as the Supreme Court of India in the above referred **A.B.C Laminart case**, we are of the view that when the parties to an agreement agree to resolve their disputes through arbitration and they agree that such arbitration will be conducted in accordance with the law of a foreign country, thereby, excluding the jurisdiction of the Courts in Bangladesh in favour of the jurisdiction of the Courts in that foreign country, such parties should not be allowed to take recourse to litigations in Bangladesh in respect of the subject matter of such arbitration agreement. Not only that such practice is against the terms agreed by them, such practice might also result in conflicting decisions between arbitration tribunal in a foreign country and a Court in

Bangladesh. The Arbitration Act, 2001 has been enacted by the Parliament in order for facilitating resolution of disputes through arbitration thereby avoiding the protracted civil litigations. Therefore, when one of such parties files a suit in Bangladesh Court raising disputes as regards matters covered by the said arbitration agreement, the Courts in Bangladesh should stay such proceedings thereby enabling the parties to resolve their disputes through arbitration in a foreign country as per their agreement. In such a case, if the Court is prevented from staying such proceedings because of non-applicability of Section 10 in view of the provisions under Section 3 of the said Act, the Court should exercise its inherent power as possessed by it in view of the provisions under Section 151 of the Code to secure ends of justice and to prevent the abuse of the process of the Court in order to avoid potential conflicting decisions between the arbitral tribunal in a foreign country and the Court in Bangladesh. Therefore, neither Section 3 nor Section 10 of

the Arbitration Act should be deemed to limit or otherwise affect such inherent power of the Court to pass such orders staying such proceedings before it.

4.40 Besides, since the learned advocate for the respondent has submitted that the Court below should not have dismissed the suit entirely, we are not inclined to discuss that aspect of the case as against the provisions under Section 7 of the Arbitration Act, 2001, particularly when we have already held that except the provisions under Sections 45-47 and Section 7A, to some extent (after filing of the foreign arbitral award before the Court of District Judge, Dhaka seeking enforcement), the provisions of the Arbitration Act, 2001, including the provision under Section 7, will not be applicable in respect of an arbitration where the seat of arbitration is in a foreign country.

4.41 Before we conclude, we express our gratitude to Mr. Probir Neogi, learned senior counsel, for his gracious assistance as *amicus curiae*.

4.42 In view of above discussions of law and facts, the appeal is disposed of with the following observations, orders and directions:

(i) In view of the provisions under Sections 3(1) and 3(2) of the Arbitration Act 2001, the provisions of the said Act, except the provisions under Sections 45, 46 and 47, are not applicable in respect of an arbitration where the seat of such arbitration is in a foreign country. Thus, the provisions under Sections 7, 7A and 10 cannot be invoked in such a case except that the power of the Court concerned to take interim measures under Section 7A of the said Act may only be invoked at the stage of enforcement of foreign arbitral award.

(ii) Therefore, the Court below committed gross illegality in dismissing the money suit concerned by invoking the provisions under Section 7 of the

said Act, particularly when neither Section 7 nor Section 10 was applicable in the said suit.

(iii) In spite of such non-applicability of the said provisions in the suit concerned, the Court below should have stayed the further proceedings of the said suit in exercise of its inherent power under Section 151 of the Code of Civil Procedure, 1908 for sending the matter in dispute to resolve the same through arbitration as agreed by the parties.

(iv) Accordingly, the impugned judgment and decree dated 09.05.2016 (decree signed on 12.05.2016) passed in Money Suit No. 12 of 2015 are hereby set aside. The suit in question, namely Money Suit No. 12 of 2015, is restored to its file and number. However, further proceedings of the said suit are hereby stayed, in exercise of the inherent power of the Court under Section 151 of the Code of Civil Procedure, till resolution of the dispute between



the parties through arbitration in Oman as agreed  
by them.

.....  
(Sheikh Hassan Arif, J)

বিচারপতি মোঃ আশরাফুল কামালঃ

আমি মাননীয় জেষ্ঠ্য বিচারপতি জনাব শেখ হাসান আরিফ এর রায়টি শুনলাম, যার সঙ্গে মাননীয় বিচারপতি আহমেদ সোহেল একমত হয়েছেন। অত্র আপীলটি নিষ্পত্তি করে মাননীয় জেষ্ঠ্য বিচারপতি শেখ হাসান আরিফ যে রায় ও সিদ্ধান্ত প্রদান করেছেন, উক্ত রায়ের আপীল নিষ্পত্তির সিদ্ধান্তের সাথে আমি একমত। তবে উক্ত আপীলে সংশ্লিষ্ট আইনগত বিষয়ে বিনয়ের সাথে ভিন্নমত পোষণ করে আমি আমার নিজস্ব মতামত প্রদান করছি।

যেহেতু মাননীয় বিচারপতি শেখ হাসান আরিফ অত্র মোকদ্দমার সংক্ষিপ্ত ঘটনা এবং উভয় পক্ষের বিজ্ঞ আইনজীবীগণের যুক্তিতর্ক বিস্তারিতভাবে আলোচনা করেছেন, সেহেতু আমি পুনরায় সেসব সংক্ষিপ্ত ঘটনা এবং যুক্তিতর্ক বর্ণনা করা হতে বিরত থাকলাম।

গুরুত্বপূর্ণ বিধায় যুগ্ম জেলা জজ, ১ম আদালত, ঢাকা কর্তৃক মানী মোকদ্দমা নং- ১২/২০১৫-এ বিগত ইংরেজী ০৯.০৫.২০১৬ তারিখের ০৬নং আদেশটি নিম্নে অবিকল অনুলিখন হলোঃ

০৬  
০৯.০৫.২০১৬

অদ্য ৪নং বিবাদীর জবাব দাখিল, ১-৩নং বিবাদী

সমন ফেরত ও আপত্তি দাখিল সাপেক্ষে ২৬.১১.২০১৫ ইং তারিখের দরখাস্ত শুনানীর জন্য ধার্য আছে। বাদী ও ১/২নং বিবাদী পক্ষ হাজিরা দাখিল করিয়াছে। বাদী পক্ষ লিখিত আপত্তি দাখিল করিয়াছেন। কপি জারী হইয়াছে।

বাদীপক্ষ দেঃ কাঃ বিঃ আইনের অর্ডার ৩৮ রুল ৫ ও ১৫১ ধারা মতে শপথ নামা সহ এক দরখাস্ত দ্বারা বর্ণিত কারনে অগ্রীম ক্রোকের প্রার্থনা করিয়াছেন।

৪নং বিবাদীপক্ষ জবাব দাখিলের জন্য এক দরখাস্ত দ্বারা সময়ের প্রার্থনা করিয়াছেন। পেশ করা হইল।

দেখিলাম। ১-২নং বিবাদীপক্ষ বিগত ২৬.১১.২০১৫ খ্রিঃ তারিখের অর্ডার ১০ তৎসহ আরবিট্রেশন আইনের ৭ ও ৯ ধারার এবং তৎসহ দেঃ কাঃ বিধির ১৫১ ধারার বিধান মোতাবেক দরখাস্তদ্বারা অত্র মোকদ্দমাটি স্থগিতের প্রার্থনা করেন।

উভয়পক্ষের বিজ্ঞ আইনজীবীর বক্তব্য শ্রবণ করিলাম। আপত্তি পর্যালোচনা করিলাম। সার্বিক পর্যালোচনায় দেখা যায় যে, বিবাদীপক্ষের দাবী মতে পক্ষগণের মধ্যে সম্পাদিত চুক্তির শর্তানুযায়ী পক্ষের মধ্যে সৃষ্ট বিরোধ আরবিট্রেশন এর মাধ্যমে *International Chamber of Commerce (ICC)* এর বিধি বিধান অনুসারে নিষ্পন্ন করিতে হইবে। বিবাদীপক্ষ কর্তৃক দাখিলী চুক্তি *Article 30* অনুসারে পক্ষদের বিরোধ *International Chamber of Commerce (ICC)* এর মাধ্যমে আরবিট্রেশন মতে নিষ্পত্তি হইবে। এছাড়াও একই চুক্তির *Article 40* অনুসারে এই চুক্তি বিষয়ের উপর আরবিট্রেশন এর ব্যাঘাত সৃষ্টি না করে *Oman* এর আদালত *Jurisdiction* থাকবে। এমতাবস্থায়, সার্বিক বিবেচনায় ও উপর্যুক্ত আলোচনায় এই সিদ্ধান্ত হয় যে, অত্র মোকদ্দমাটি অত্র আদালতে অত্রাকারে ও প্রকারে রক্ষণীয় নয় হেতু অত্র মোকদ্দমাটি খারিজ যোগ্য। প্রদত্ত কোর্ট ফি সঠিক।

অতএব,

আদেশ হয় যে,

১-২নং বিবাদীপক্ষ কর্তৃক অর্ডার ১০ তৎসহ আরবিট্রেশন আইনের ৭ ও ৯ ধারার এবং তৎসহ দেঃ কাঃ বিধির ১৫১ ধারার বিধান মোতাবেক দরখাস্ত শুনানী অন্তে অত্র মোকদ্দমাটি অত্রাকারে ও প্রকারে রক্ষণীয় না হওয়ায় খারিজ করা হইল।

আমার জবানীতে কম্পোজকৃত ও আমার দ্বারা সংশোধিত

স্বা/- মোঃ শাহাদত  
হোসেন  
০৯.০৫.২০১৬  
যুগ্ম জেলা জজ,  
১ম আদালত, ঢাকা।

স্বা/- মোঃ শাহাদত হোসেন  
০৯.০৫.২০১৬  
(মোঃ শাহাদত হোসেন)  
যুগ্ম জেলা জজ,  
১ম আদালত, ঢাকা।

আদালতের উপর ক্রমবর্ধমান মোকদ্দমার চাপ নিয়ন্ত্রনের জন্য বিশ্বব্যাপি বিকল্প পদ্ধতিতে মোকদ্দমা নিষ্পত্তি তথা বিকল্প ধারার পদ্ধতি তথা মধ্যস্থতা (mediation), সালিস (arbitration) দিনদিন ব্যাপক জনপ্রিয়তা অর্জন করেছে। বর্তমান আধুনিক যুগে বিরোধ নিষ্পত্তিতে “সালিশ (arbitration)” একটি যুগান্তকারী পদ্ধতি।

বাণিজ্যিক চুক্তি (commercial dispute) এবং “সালিশ (arbitration)” একে অন্যের সমর্থক। অর্থাৎ “সালিশ (arbitration)” এর শর্ত ছাড়া কোন বাণিজ্যিক চুক্তি (commercial dispute) বর্তমান যুগে চিন্তাই করা যায় না।

“সালিশ (arbitration)” কে একবিংশ শতাব্দির বিরোধ নিষ্পত্তির শ্রেষ্ঠ পদ্ধতি বলা হয়। অপরদিকে মধ্যস্থতা (mediation) পরবর্তী শতাব্দির বিরোধ নিষ্পত্তির প্রধানতম পদ্ধতি হবে এটি নিশ্চিত বলা যায়।

“সালিশ (arbitration)” এর সঠিক সংজ্ঞা আইনে বর্ণিত হয়নি। “সালিশ (arbitration)” এর প্রথম সংজ্ঞাটি পাওয়া যায় Collins Vs Collins, 28 LJ Ch 186 (1858) মোকদ্দমায় প্রদত্ত বিচারপতি John Romilly কর্তৃক প্রদত্ত সংজ্ঞায়। তিনি বলেন যে, “A reference of a dispute or difference between not less than two parties for determination, after hearing both sides in a judicial manner, by a person or persons other than a court of competent jurisdiction.” Black’s Law Dictionary (Eighth Edition)-তে “সালিশ (arbitration)” এর সংজ্ঞা প্রদান করা হয়েছে এভাবে যে, “arbitration, A method of dispute resolution involving one or more neutral third parties who are usu, agreed to by the disputing parties and whose decision is binding.”

“সালিশ (arbitration)” হলো একটি প্রাচীন পদ্ধতি। গ্রীক এবং রোমান শহর রাষ্ট্রে এর অস্তিত্ব খুঁজে পাওয়া যায়। খ্রীষ্টপূর্ব ৬০০ শতাব্দীতে গ্রীক শহর রাষ্ট্র সমূহ সম্পত্তির মালিকানা, ক্ষতিপূরণ নির্ধারণসহ বিভিন্ন বিরোধ নিষ্পত্তি “সালিশ (arbitration)” এর মাধ্যমে সমাধা হতো। রোমান আইনে ‘compropmissum’ বা ‘compromise’ ছিল বিরোধ নিষ্পত্তিতে একটি বহুল প্রচলিত এবং প্রায়শই ব্যবহৃত পদ্ধতি। ভারত মহাদেশেও বিধিবদ্ধ আইন আসার পূর্বে ভারতীয় সমাজ ব্যবস্থায় বিরোধ নিষ্পত্তিতে “সালিশ (arbitration)” ব্যাপক প্রচলিত ছিল। ভারতের পঞ্চায়েত পদ্ধতিকে বলা হয় প্রাচীন “সালিশ (arbitration)” এর একটি আদল।

ভারতে প্রথম “সালিশ (arbitration)” আইন হলো “The Indian Arbitration Act, 1899” যা শুধুমাত্র কলকাতা, বোম্বে এবং মাদ্রাজে সীমাবদ্ধ ছিল। The Code of Civil Procedure, 1908 দ্বিতীয় তফসিলে “সালিশ (arbitration)” এর উল্লেখ পাওয়া আছে। চুক্তি আইন, ১৮৭২ এর ধারা ১০ এবং ২৮-এ সালিস এর কথা বলা হয়েছে। সুনির্দিষ্ট প্রতিকার আইন, ১৮৭৭ এর ধারা ২১ “সালিশ (arbitration)” এর কথা বলা আছে। পরবর্তীতে Arbitration Act, 1940 “সালিশ (arbitration)” এর একটি পরিপূর্ণ আইন।

The Arbitration Act, 1940 প্রণীত হয়েছিল ব্রিটিশ Arbitration Act, 1934 এর আদলে। এটি ছিল তৎকালীন ভারতের আভ্যন্তরীণ “সালিশ (arbitration)” সংশ্লিষ্ট। কিন্তু আইনটি বিদেশী রোয়েদাদ বাস্তবায়নে প্রণীত হয়নি। বিদেশী সালিশী রোয়েদাদ বাস্তবায়নের নিমিত্তে দুটি ভিন্ন আইন তথা (১) The Arbitration (Protocol and Convention) Act, 1937 (for Geneva Convention Awards) এবং (২) The Foreign Awards (Recognition and Enforcement) Act, 1961 (for New York Convention Awards) প্রচলিত ছিল।

**The Arbitration Act, 1940 (X of 1940) এর প্রস্তাবনা নিয়ে অবিকল অনুলিখন হলোঃ**

*“An Act to consolidate and amend the law relating to Arbitration.*

*WHEREAS it is expedient to consolidate and amend the law relating to arbitration in [Bangladesh];*

*It is hereby enacted as follows:”*

**গুরুত্বপূর্ণ বিধায় সালিশী আইন, ২০০১ (১নং ২০০১)-এ প্রস্তাবনা নিচে অবিকল অনুলিখন হলোঃ**

### **সালিসী আইন**

[১ নং ২০০১]

[তারিখ ২৪-১-২০০১ ইং]

আন্ডর্জাতিক বাণিজ্যিক সালিস, বিদেশী সালিসী রোয়েদাদ স্বীকৃতি ও বাস্তবায়ন এবং অন্যান্য সালিস সম্পর্কিত বিধান প্রণয়নকল্পে প্রণীত আইন।

যেহেতু আন্ডর্জাতিক বাণিজ্যিক সালিস, বিদেশী সালিসী রোয়েদাদ স্বীকৃতি ও বাস্তবায়ন এবং অন্যান্য সালিস সম্পর্কিত বিধান প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিরূপ আইন করা হইল:

সালিসী আইন, ১৯৪০ এবং সালিশী আইন, ২০০১ উপরিলিখিত প্রস্তাবনা দুটি সহজ সরল পাঠে এটি কাঁচের মত স্পষ্ট যে, প্রথমটি ছিল শুধুমাত্র তৎকালীন ভারত যা পরবর্তীতে বাংলাদেশের সালিসী আইন সম্পর্কিত ছিল। কিন্তু সালিসী আইন, ২০০১ সালিসী আইন সম্পর্কিত “আন্তর্জাতিক বাণিজ্যিক সালিসকে” এবং “বিদেশী সালিসী রোয়েদাদকে” স্বীকৃত প্রদানের নিমিত্তে এবং “বিদেশী সালিসী রোয়েদাদ বাস্তবায়ন সম্পর্কিত” এবং অন্যান্য সালিস সম্পর্কিত বিধান প্রণয়ন কল্পে প্রণীত।

**গুরুত্বপূর্ণ বিধায় The Code of Civil Procedure, 1908 এর Section 151 নিম্নে অবিকল অনুলিখন হলোঃ**

*The Code of Civil Procedure, 1908  
(ACT NO. V OF 1908)*

*Saving of inherent powers of Court*

*151. Nothing in this Code shall be deemed to limit or otherwise affect the inherent power of the Court to make such orders as may be necessary for the ends of justice or to prevent abuse of the process of the Court.*

মোঃ হযরত আলী বনাম জয়নাল আবেদীন ও অন্যান্য [১৯৮৬ বিএলডি(এডি) পাতা ৪৫]  
মোকদ্দমায় মাননীয় আপীল বিভাগ অভিমত প্রদান করেন যে,

*“No court can be supposed to have inherent power to disregard the express provisions of law, whether in the Code or any other statutes or rules.”*

**গুরুত্বপূর্ণ বিধায় সালিসী আইন, ২০০১ এর ধারা-২(গ) নিম্নে অবিকল অনুলিখন হলোঃ**

২। সংজ্ঞা।- বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে-

(ক) -----

(খ) -----

(গ) “আন্তর্জাতিক বাণিজ্যিক সালিস” অর্থ সুস্পষ্টভাবে বিধৃত চুক্তিগত বা চুক্তিবহির্ভূত আইনানুগ সম্পর্ক হইতে উদ্ভূত বিরোধ সম্পর্কিত কোন

সালিস যাহা বাংলাদেশের প্রচলিত আইন অনুযায়ী বাণিজ্যিক বিরোধ হিসাবে বিবেচিত হয় এবং যেক্ষেত্রে পক্ষগণের মধ্যে কোন একটি পক্ষ-

- (অ) একজন ব্যক্তি যিনি বাংলাদেশ ব্যতীত অন্য কোন রাষ্ট্রের নাগরিক, কিংবা ঐ দেশের স্বাভাবিক বাসিন্দা হয়, অথবা
- (আ) বাংলাদেশ ব্যতীত অন্য কোন রাষ্ট্রের নিগমবদ্ধ সংবিধিবদ্ধ প্রতিষ্ঠান হয়; অথবা
- (ই) কোম্পানী বা সঙ্ঘ বা ব্যক্তি সমন্বিত প্রতিষ্ঠান যাহার কেন্দ্রীয় ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণ বাংলাদেশ ব্যতীত অন্য কোন রাষ্ট্রে প্রয়োগ হয়; অথবা
- (ঈ) কোন বিদেশী রাষ্ট্রের সরকার হয়;
- (ঘ) -----
- (ঙ) -----

উপরিলিখিত সংজ্ঞা সহজ সরল পাঠে কাঁচের মত পরিষ্কার যে, “আন্তর্জাতিক বাণিজ্যিক সালিস” কে সালিসী আইন, ২০০১ দ্বারা স্বীকৃত প্রদান করা হয়েছে। বর্তমান আলোচ্য মোকদ্দমাটি স্বীকৃত মতেই একটি “আন্তর্জাতিক বাণিজ্যিক সালিস” এর অন্তর্ভুক্ত।

**গুরুত্বপূর্ণ বিধায় সালিসী আইন, ২০০১ এর ধারা-৩ নিম্নে অবিকল অনুলিখন হলোঃ**

“৩। **পরিধি-** (১) কোন সালিসের স্থান বাংলাদেশ হইলে উক্ত সালিসের ক্ষেত্রে এই আইনের বিধানাবলী প্রযোজ্য হইবে।

(২) উপ-ধারা (১) এ যাহা কিছুই থাকুক না কেন, কোন সালিসের স্থান বাংলাদেশের বাহিরে হইলে এই আইনের ধারা ৪৫, ৪৬ ও ৪৭ এর বিধানাবলী উক্ত সালিসের ক্ষেত্রেও প্রযোজ্য হইবে।”

সালিসী আইন, ২০০১ এর ধারা- ৩ উপ-ধারা ১ মোতাবেক সালিসের স্থান বাংলাদেশে হলে এই আইনের বিধানাবলী প্রযোজ্য হবে। সালিসের স্থান বাংলাদেশে না হলে এ আইনের কোন কিছুই প্রযোজ্য হবে না এ কথা আইনে বলা হয় নাই। বরং আইনের ধারা ৩(২)-তে বলা হয়েছে যে, সালিসের স্থান বাংলাদেশের বাহিরে হলে এ আইনের ধারা ৪৫, ৪৬ ও ৪৭ এর বিধানাবলী উক্ত সালিসের ক্ষেত্রে প্রযোজ্য হবে। সুতরাং এটা নিরাপদে বলা যায় সালিসের স্থান বাংলাদেশের

বাহিরে হলেও এ আইনের বিধান প্রযোজ্য। যেমনটি আমরা ধারা ৪৫, ৪৬ ও ৪৭ এর বিষয়ে দেখি।  
তদ্রূপ ধারা ১০ এর উপধারা (২) বাংলাদেশের বাহিরে সালিসের ক্ষেত্রেও প্রযোজ্য।

যেহেতু আলোচ্য মোকদ্দমা পক্ষগণের মধ্যে সম্পাদিত চুক্তি মোতাবেক সালিসের স্থান বাংলাদেশের বাইরে তথা ওমানে নির্ধারণ করা হয়েছে, সেহেতু সালিসী আইন, ২০০১ এর ধারা ১০(২) মোতাবেক আদালতের কর্তব্য হল এটিকে স্থগিত করে পক্ষগণকে চুক্তি অনুযায়ী আই.সি.সি (ICC) তে তাদের বিরোধের বিষয়টি উপস্থাপনের নির্দেশ প্রদান করা।

যেহেতু বর্তমান মোকদ্দমায় বাদী-আপীলকারী বিবাদী প্রতিপক্ষের সহিত একটি আন্তর্জাতিক বাণিজ্যিক চুক্তি সম্পাদন করেছেন এবং যেহেতু চুক্তি মোতাবেক বাদী এবং বিবাদীর মধ্যে চুক্তি হতে উদ্ভূত যেকোন বিষয়ে ICC রুলস মোতাবেক সালিসে প্রেরণ করতে হবে, সেহেতু বাদী-আপীলকারীর উচিত ছিল বিষয়টি ICC-তে উপস্থাপন করা। কিন্তু বাদী তা না করে বেআইনী ভাবে অত্র মানী মোকদ্দমা দায়ের করেছেন।

বাদী একই মুখে ভিন্ন ভিন্ন কথা বলেছেন। বাদী বিদেশে সালিসের স্থান এর কারণে ধারা ১০ ব্যবহার করা যাবে না বললেও একই মুখে তিনি সালিসী চুক্তি অনুযায়ী ICC-তে তার বিরোধীয় বিষয়টি উপস্থাপন না করে বেআইনীভাবে এখতিয়ার বহির্ভূত ভাবে অত্র মানী মোকদ্দমা দায়ের করেছেন। অর্থাৎ বাদী যেমনটি তার চুক্তির বরখেলাপ করে চুক্তির অপর পক্ষকে হয়রানী করার অসৎ এবং হীনমানষে অত্র মানী মোকদ্দমাটি দায়ের করেছেন। তেমনি বাদী আদালতে আইনের ভুল ব্যাখ্যা উপস্থাপন করে আদালতের সাথে প্রতারণা করেছেন, আদালতের কার্যধারা অপব্যবহার করেছেন। বাদী অত্র আদালতে অপরিচ্ছন্ন হাতে (*unclean hand*) এসেছে।

প্রতারণা সবকিছুকে নস্যাত করে (*Fraud vitiates everything*)। বাদী চুক্তি বহির্ভূত ভাবে তথা চুক্তি ভঙ্গ করে তথা চুক্তিতে বর্ণিত স্থান এবং পদ্ধতিতে তার বিরোধের বিষয়টি উপস্থাপন এবং দায়ের না করে প্রতারণামূলক ভাবে যুগু জেলা জজ, ১ম আদালত, ঢাকায় দায়ের করেন। যা বাদীর প্রতারণামূলক কার্য (*Fraudulent Act*)।

গুরুত্বপূর্ণ বিধায় সালিসী আইন, ২০০১ এর ধারা-৭ নিম্নে অবিকল অনুলিখন হলোঃ

৭। সালিশ চুক্তির আওতাভুক্ত বিষয়ে আদালতের এখতিয়ার।- সালিস চুক্তির কোন পক্ষ অপর কোন পক্ষের বিরুদ্ধে উক্ত চুক্তির অধীনে সালিসে অর্পণে সম্মত কোন বিষয়ে আইনগত কার্যধারা রুজু করিলে, বর্তমানে প্রচলিত অন্য কোন আইনে যাহাই থাকুক না কেন, এই আইনের বিধান

ব্যতীত অন্য কোন আইনগত কার্যধারার শুনানীর এখতিয়ার আদালতের থাকিবে না।

ধারা ৭ মোতাবেক পক্ষগণের মধ্যে সালিসে অর্পন সম্মত হলে বর্তমান প্রচলিত অন্য কোন আইনে যাহাই থাকুক না কেন সালিসী আইন, ২০০১ ব্যতীত অন্য কোন আইনগত কার্যধারা শুনানীর এখতিয়ার আদালতের থাকিবে না। যেহেতু বর্তমান মোকদ্দমার পক্ষগণ সালিসে অর্পনে সম্মত হয়েছিল। সেহেতু অন্য কোন আইনত কার্যধারা তথা দেওয়ানী কার্যবিধির অধীন কার্যধারা এখতিয়ার বহির্ভূত বিধায় অত্র মোকদ্দমাটি দায়ের বেআইনী ও অবৈধ।

গুরুত্বপূর্ণ বিধায় সালিসী আইন, ২০০১ এর ধারা-১০ নিম্নে অবিকল অনুলিখন হলোঃ

১০। বিরোধের সালিস যোগ্যতা- (১) সালিস চুক্তির কোন পক্ষ বা উক্ত পক্ষের অধীন দাবীদার কোন ব্যক্তি সালিসের মাধ্যমে মীমাংসা হইবে মর্মে মতৈক্য হইয়াছে এমন কোন বিষয়ে চুক্তির অন্য কোন পক্ষ বা অনুরূপ পক্ষের অধীন দাবীদার কোন ব্যক্তির বিরুদ্ধে কোন আদালতে কোন আইনগত কার্যধারা রঞ্জু করিলে, উক্ত কার্যধারায় লিখিত জবাব দাখিল করিবার পূর্বে যে কোন পক্ষ বিষয়টি সালিসে অর্পণ করিবার জন্য সংশ্লিষ্ট আদালতে আবেদন করিতে পারিবে।

(২) উপ-ধারা (১) এর অধীন আবেদনের প্রেক্ষিতে আদালতের নিকট যদি প্রতীয়মান হয় যে, সংশ্লিষ্ট সালিস চুক্তি বিদ্যমান আছে এবং উহা বাতিল, অকার্যকর বা সালিস দ্বারা নিষ্পত্তির অযোগ্য হয় নাই, তাহা হইলে আদালত বিষয়টি সালিসে প্রেরণ করিবে এবং উক্ত কার্যধারা স্থগিত করিবে।

(৩) উপ-ধারা (১) এর অধীন আবেদন আদালতের বিবেচনাধীন এবং আইনগত কার্যধারা বিচারাধীন থাকা সত্ত্বেও সংশ্লিষ্ট বিষয়ে সালিস সূচনা করা, অব্যাহত রাখা এবং সালিসী রোয়েদাদ প্রদান করা যাইবে।

উপরিলিখিত ধারা ১০ সহজ সরল পাঠে এটি কাঁচের মত স্পষ্ট যে, সালিস চুক্তির কোন পক্ষ সালিসের মাধ্যম মীমাংসা হবে মর্মে চুক্তি করা স্বত্ত্বেও অপর পক্ষের বিরুদ্ধে কোন আদালতে কোন আইনগত কার্যধারা রঞ্জু করলে সালিসী আইন, ২০০১ এর ধারা ১০ এর উপ-ধারা ২



মোতাবেক সংশ্লিষ্ট আদালত বিষয়টি সালিসে প্রেরণ করবে এবং তার আদালতে বিচারাধীন কার্যধারা স্থগিত রাখবে। উপরিলিখিত অবস্থানে বিজ্ঞ বিচারিক আদালতের উচিত ছিল মোকদ্দমাটি স্থগিত করে বাদীকে ICC-তে সালিসে যাওয়ার নির্দেশ প্রদান করা।

অতএব, বিজ্ঞ যুগ্ম জেলা জজ, ১ম আদালত, ঢাকা কর্তৃক মানী মোকদ্দমা নং- ১২/২০১৫-এ বিগত ইংরেজী ০৯.০৫.২০১৬ তারিখের ০৬নং আদেশটি এতদ্বারা বাতিল করা হলো। মানী মোকদ্দমা নং-১২/২০১৫ এর সকল কার্যক্রম স্থগিত থাকবে। বাদীকে চুক্তির শর্ত মোতাবেক আইসিসি রুলস অনুযায়ী বিরোধের বিষয়টি সালিসে প্রেরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

.....  
বিচারপতি মোঃ আশরাফুল কামাল

### **AHMED SOHEL, J**

I have had the privilege to read both the judgments delivered by their Lordships Mr. Justice Sheikh Hassan Arif and Mr. Justice Md. Ashrafur Kamal. I am of the view that the judgment delivered by his Lordship Mr. Justice Sheikh Hassan Arif contains the correct position of law in the facts and circumstances of the case. Accordingly, I agree with the reasoning and findings given by Mr. Justice Sheikh Hassan Arif, J.

.....  
**(Ahmed Sohel, J)**

### **Orders of the Court:**

The appeal is disposed of with the following observations, orders and directions by majority decision:

- (i) In view of the provisions under Sections 3(1) and 3(2) of the Arbitration Act 2001, the provisions of the said Act, except the provisions under Sections 45, 46 and 47, are not applicable in respect of an arbitration where the seat of such arbitration is in a foreign country. Thus, the provisions under Sections 7, 7A and 10 cannot be invoked in such a case except that the power of the Court concerned to take interim measures under Section 7A of the said Act may only be invoked at the stage of enforcement of foreign arbitral award.
- (ii) Therefore, the Court below committed gross illegality in dismissing the money suit concerned by invoking the provisions under Section 7 of the said Act, particularly when neither Section 7 nor Section 10 was applicable in the said suit.
- (iii) In spite of such non-applicability of the said provisions in the suit concerned, the Court below should have stayed the further proceedings of the said suit in

exercise of its inherent power under Section 151 of the Code of Civil Procedure, 1908 for sending the matter in dispute to resolve the same through arbitration as agreed by the parties.

(iv) Accordingly, the impugned judgment and decree dated 09.05.2016 (decree signed on 12.05.2016) passed in Money Suit No. 12 of 2015 are hereby set aside. The suit in question, namely Money Suit No. 12 of 2015, is restored to its file and number. However, further proceedings of the said suit are hereby stayed, in exercise of the inherent power of the Court under Section 151 of the Code of Civil Procedure, till resolution of the dispute between the parties through arbitration in Oman as agreed by them.

Communicate this at once.

.....  
**(Sheikh Hassan Arif, J)**

.....  
**(Md. Ashraful Kamal, J)**

.....  
**(Ahmed Sohel, J)**